বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
ফোনঃ ৯৫১৪৯১২
E-mail:dgmlcd@krishibank.org.bd

**ঋণ শ্রেণীবিন্যাস বিভাগ**

প্রকা/সিএল-৩(অংশ-১)/২০১৭-২০১৮/৭৩১ তারিখ ঃ ২৫-০৩-২০১৮ইং

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক
স্থানীয় মুখ্য কার্যালয়/সকল কর্পোরেট শাখা
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ ৩১-০৩-২০১৮ সূত্র তারিখ ভিত্তিক সিএল বিবরণী (সিএল ফরম-১ থেকে সিএল ফরম-৫) এক্সেল ফরমেটে প্রস্তুত করতঃ সফটকপি প্রেরণ প্রসংগে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ব্যাংকের ৩০-০৬-২০১৭ ও ৩১-১২-২০১৭ সূত্র তারিখ ভিত্তিক সিএল প্রতিবেদন এবং শাখা কর্তৃক বিভিন্ন তারিখে প্রেরিত সাপ্তাহিক প্রতিবেদনে প্রদত্ত ঋণ শ্রেণীবিন্যাস সংক্রান্ত তথ্য পর্যালোচনায় শ্রেণী বিন্যাসিত ঋণের প্রকৃত তথ্যের সাথে গরমিল পরিলক্ষিত হচ্ছে যা নিম্নরূপ ঃ

(কোটি টাকায়)

| ৩০-০৬-২০১৭ তারিখের শ্রেণীকৃত ঋণের অবস্থা | | | ৩১-১২-২০১৭ তারিখের শ্রেণীকৃত ঋণের অবস্থা | | | ১৫-০৩-২০১৮ তারিখে সমাপ্ত সাপ্তাহিক প্রতিবেদন অনুযায়ী শ্রেণীকৃত ঋণের পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| সাপ্তাহিক প্রতিবেদন অনুযায়ী পরিমাণ | ঋণ শ্রেণীবিন্যাস অনুযায়ী প্রকৃত পরিমাণ | সাপ্তাহিক প্রতিবেদনের তুলনায় প্রকৃত শ্রেণীকৃত ঋণ বৃদ্ধির পরিমাণ | সাপ্তাহিক প্রতিবেদন অনুযায়ী পরিমাণ | ঋণ শ্রেণীবিন্যাস অনুযায়ী প্রকৃত পরিমাণ | সাপ্তাহিক প্রতিবেদনের তুলনায় প্রকৃত শ্রেণীকৃত ঋণ বৃদ্ধির পরিমাণ | |
| ৪০৮৬.৫৬ | ৪৩১৫.৮৬ | ২২৯.৩০ | ৩৮৮০.২৯ | ৪২৬৩.৮৫ | ৩৮৩.৫৬ | ৩৭৯১.০৯ |

০৩। উপরোক্ত তথ্য বিশ্লেষণে দেখা যায় যে, প্রকৃত শ্রেণীবিন্যাসিত ঋণের চেয়ে সাপ্তাহিক প্রতিবেদনে ৩০-০৬-২০১৭ তারিখে ২২৯.৩০ কোটি (দুইশত ঊনত্রিশ কোটি ত্রিশ লক্ষ) টাকা এবং ৩১-১২-২০১৭ তারিখে ৩৮৩.৫৬ কোটি (তিনশত তিরাশি কোটি ছাপ্পান্ন লক্ষ) টাকা কম প্রদর্শিত হয়েছে। এতে প্রতীয়মান হয় যে, সাপ্তাহিক প্রতিবেদনে শাখার শ্রেণী বিন্যাসিত ঋণের চিত্র যথাযথভাবে প্রতিফলিত হচ্ছে না এবং শ্রেণীযোগ্য ঋণ-১, শ্রেণীযোগ্য ঋণ-২ এবং শ্রেণীকৃত ঋণ আদায়ের সঠিক তথ্য দেয়া হচ্ছে না যা আদৌ কাম্য হতে পারে না। তাছাড়া ৩১-১২-২০১৭ সূত্র তারিখ ভিত্তিক ঋণ শ্রেণীবিন্যাস প্রতিবেদন অনুযায়ী অক্টোবর, ২০১৭ হতে মার্চ, ২০১৮ পর্যন্ত ৮৬১টি শাখায় মোট ৮১৯২টি সিসি ও এসএমই ঋণের বিপরীতে ৫৭৭.৬২ কোটি( পাঁচশত সাতাত্তর কোটি বাষট্টি লক্ষ) টাকা আদায়যোগ্য আছে, যা জুন/২০১৮ মাসের মধ্যে আদায়/নবায়ন করতে ব্যর্থ হলে ৩০-০৬-২০১৮ সূত্র তারিখে সূদাসলে ৬১৫.১৬ কোটি টাকা শ্রেণীকৃত ঋণে পর্যবসিত হবে। বর্ণিত প্রেক্ষাপটে, ব্যাংকের শ্রেণী বিন্যাসিত ঋণের বর্তমান অবস্থা সম্বন্ধে সম্যক ধারণা গ্রহনের লক্ষ্যে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সকল শাখায় ৩১-০৩-২০১৮ সূত্র তারিখ ভিত্তিক সিএল বিবরণী (সিএল ফরম-১ থেকে সিএল ফরম-৫) এক্সেল ফরমেটে প্রস্তুত করার সদয় নির্দেশনা প্রদান করেছেন।



চলমান পাতা-২

০৪। এতদলক্ষ্যে, বিগত ৩১-১২-২০১৭ সূত্র তারিখ ভিত্তিক প্রস্তুতকৃত সিএল ফাইলে (CL_DEC17 নামক এক্সেল ফাইল) শাখার ৩১-০৩-২০১৮ তারিখ ভিত্তিক অনাদায়ী ঋণের সিএল বিবরনী প্রস্তুত করতে হবে। তবে সুদ ধার্য্য করার কোন প্রয়োজন নাই। উল্লেখ্য, ৩১-০৩-২০১৮ তারিখে শাখার প্রস্তুতকৃত সিএল বিবরনীর ঋণ স্থিতির সাথে শাখার জিএল এর ঋণ স্থিতির অবশ্যই মিল থাকতে হবে। শাখাসমূহ ৩১-০৩-২০১৮ তারিখ ভিত্তিক শ্রেণীবিন্যাসিত ঋণের প্রকৃত তথ্য নিম্নোক্ত ছকে ০৫-০৪-২০১৮ তারিখের মধ্যে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় তা সংকলন করে ০৮-০৪-২০১৮ তারিখের মধ্যে বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবে। কর্পোরেট শাখাসমূহ ০৮-০৪-২০১৮ তারিখের মধ্যে বিভাগীয় কার্যালয়ে এবং স্থানীয় মুখ্য কার্যালয় ০৮-০৪-২০১৮ তারিখের মধ্যে ঋণ শ্রেণীবিন্যাস বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকায় প্রেরণ করবে। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় এবং কর্পোরেট শাখা হতে প্রাপ্ত প্রতিবেদন বিভাগীয় কার্যালয় কর্তৃক সংকলন করে ১০-০৪-২০১৮ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে ঋণ শ্রেণীবিন্যাস বিভাগে প্রেরণ করবে।

**তথ্য প্রেরণের ছক** (কোটি টাকায়)

| ৩০-০৬-২০১৭ তারিখে ঋণ শ্রেণীবিন্যাস | | | | | ৩১-১২-২০১৭ তারিখে ঋণ শ্রেণীবিন্যাস | | | | | ৩১-০৩-২০১৮ তারিখে ঋণ শ্রেণীবিন্যাস | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| অশ্রেণীকৃত (UC) | শ্রেণীকৃত | | | মোট ঋণ | অশ্রেণীকৃত (UC) | শ্রেণীকৃত | | | মোট ঋণ | অশ্রেণীকৃত (UC) | শ্রেণীকৃত | | | মোট ঋণ |
| | এস এস (SS) | ডিএফ (DF) | বিএল (BL) | | | এস এস (SS) | ডিএফ (DF) | বিএল (BL) | | | এস এস (SS) | ডিএফ (DF) | বিএল (BL) | |
| | | | | | | | | | | | | | | |

০৫। **এমতাবস্থায় ৩১-০৩-২০১৮ সূত্র তারিখ ভিত্তিক সিএল বিবরণী (সিএল ফরম-১ থেকে সিএল ফরম-৫) এক্সেল ফরমেটে নির্ভুলভাবে প্রস্তুতপূর্বক সংকলিত তথ্য প্রদত্ত ছকে যথাসময়ে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।**

০৬। **বিষয়টি অতীব জরুরী।**

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত

২৫/০৩/২০১৮

(দীনেশ চন্দ্র বিশ্বাস)
উপ-মহাব্যবস্থাপক

---

প্রকা/সিএল-৩(অংশ-১)/২০১৭-২০১৮/৭৩১(১২৫০) তারিখ ঃ -ঐ-

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, ঋণ আদায় মহাবিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। তাঁকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৫। নথি/মহানথি।

২৫/০৩/২০১৮

(মুহম্মদ সাজ্জাদ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

Bkbholcd_57 (CL1)\D:\Desktop\March Based CL.doc